



## তীর ১৫তম জাতীয় আরচ্যারী চ্যাম্পিয়নশিপস-২০২৪



তারিখঃ ০৭ জুন ২০২৪

### প্রেস বিজ্ঞপ্তি

#### তীর ১৫তম জাতীয় আরচ্যারী চ্যাম্পিয়নশিপস-২০২৪ এর শুভ উদ্বোধন

আজ ০৭ জুন ২০২৪ বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে (বিকেএসপি, জিরানী বাজার, আশুলিয়া, সাভার, ঢাকা) শুরু হয়েছে “তীর ১৫তম জাতীয় আরচ্যারী চ্যাম্পিয়নশিপস-২০২৪”। বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের ব্যবস্থাপনায় এবং সিটি গ্রুপের পৃষ্ঠপোষকতায় দেশের বিভিন্ন জেলা ক্রীড়া সংস্থা, সার্ভিসেস সংস্থা, বিকেএসপি ও ক্লাবসহ মোট ৫৩টি দলের ২১৬ জন আরচ্যার (১১৯ জন পুরুষ ও ৯৭জন মহিলা) কোয়ালিফিকেশন রাউন্ডে রিকার্ড ও কম্পাউন্ড ডিভিশনে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

অদ্য সকাল ৮টায় “তীর ১৫তম জাতীয় আরচ্যারী চ্যাম্পিয়নশিপস-২০২৪” এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে চ্যাম্পিয়নশিপসের শুভ উদ্বোধন ঘোষণা করেন বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিকেএসপির পরিচালক (প্রশিক্ষণ) কর্নেল মোঃ মিজানুর রহমান, পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মুহম্মদ আনোয়ার হোসেন এবং বিকেএসপির অধ্যক্ষ লেঃ কর্নেল মোহাম্মদ ইমরান হাসান। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের সভাপতি লেঃ জেনারেল মোঃ মইনুল ইসলাম (অবঃ), সহ-সভাপতি জনাব মোঃ মাহফুজুর রহমান সিদ্দিকী, কোষাধ্যক্ষ জনাব মোঃ আনিসুর রহমান, প্রতিযোগিতা আয়োজন সাব-কমিটির আহ্বায়ক জনাব রশিদুজ্জামান সেরনিয়াবাত, সদস্য-সচিব জনাব মোঃ কামরুল ইসলাম, জাতীয় দলের প্রধান প্রশিক্ষক মিঃ মার্টিন ফ্লেডরিক, কোরিয়া আরচ্যারী এসোসিয়েশন ডেভেলপমেন্ট সাপোর্ট প্রোগ্রামের কোরিয়ান প্রশিক্ষক মিঃ কিম জিওংহো (অনুর্ধ্ব-১৬ মহিলা আরচ্যারী দলকে প্রশিক্ষণ প্রদান করছেন), বিকেএসপি ও ফেডারেশনের কর্মকর্তাবৃন্দ, ফেডারেশনের স্থানীয় প্রশিক্ষকবৃন্দ দলীয় কর্মকর্তা ও খেলা পরিচালনাকারীবৃন্দ।

উল্লেখ্য, ফেডারেশনের সাধারণ সম্পাদক কাজী রাজীব উদ্দীন আহমেদ চপল শারীরিক অসুস্থতার কারণে উক্ত অনুষ্ঠানে উপস্থিত হতে পারেন নাই।

খেলার ফলাফল <https://www.ianseo.net/Details.php?told=18257> এই লিঙ্কে পাওয়া যাবে।

উদ্বোধনী অনুষ্ঠানের ছবি ও ভিডিও ফুটেজ লিঙ্ক সংযুক্ত।

বিকালে খেলা শেষে কোয়ালিফিকেশন রাউন্ডের ফলাফল জানানো হবে।

(কাজী রাজীব উদ্দীন আহমেদ চপল)

সাধারণ সম্পাদক

বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন